


# বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

আগারগাঁও, শেরেবাংলা নগর
ঢাকা-১২০৭।
www.bteb.gov.bd

স্মারক নং- ৫৭.১৭.০০০০.৪০৪.০১.০০১.২৬-৮০১/৫৭৫৪

তারিখ : ০৬ আশ্বিন, ১৪৩৩ বঙ্গাব্দ
২১ সেপ্টেম্বর, ২০২৬ খ্রি.

বিষয়: ঘাটতি কাগজ জমাদান প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে চেয়ারম্যান মহোদয়ের অনুমোদনক্রমে জানানো যাচ্ছে যে, বেসরকারি কারিগরি অ্যাডভান্সড সার্টিফিকেট কোর্স (১ বছর মেয়াদি) শিক্ষাক্রমের নিম্নলিখিত প্রতিষ্ঠানুসমূহের পাঠদান/টেকনোলজি সংযোজন সংক্রান্ত বিষয়ে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের চেয়ারম্যান মহোদয় বরাবর আবেদন দাখিল করেছেন। উক্ত প্রতিষ্ঠানসমূহের আবেদনপত্র যাচাই বাছাই করে দেখা যায় যে, প্রতিষ্ঠান আংশিক কাগজ জমা দিয়েছেন, ফলে আবেদন যথাসময়ে নিষ্পন্ন করা সম্ভব হয়নি। স্ব-স্ব প্রতিষ্ঠানের নামের পার্শ্বে উল্লিখিত ঘাটতি পরিলক্ষিত হয়। প্রস্তাবিত প্রতিষ্ঠানসমূহ আগামী ৩০ সেপ্টেম্বর, ২০২৬ খ্রি. তারিখের মধ্যে ঘাটতি কাগজপত্র নিম্ন স্বাক্ষরকারী বরাবর জমা দেয়ার জন্য অনুরোধ করা হলো।

| ক্র. নং | প্রতিষ্ঠানের নাম ঠিকানা ও কোড | আবেদিত বিষয় | ঘাটতির বিবরণ |
|---|---|---|---|
| ১. | রাইট ক্লিক আইটি ইন্সটিটিউট, মাসকান্দা, ময়মনসিংহ। প্রতিষ্ঠান কোড-৫৭২৫৭ | কারিকুলাম সংযোজনের জন্য আবেদন। | ০১। ভবন ভাড়ায় মসজিদ এর নামে পূর্বের চুক্তির সাথে বর্তমান চুক্তির ভিন্নতা রয়েছে। ভবনের সন্মুখভাগ এবং যেসব দোকানের ছবি সংযুক্ত করেছে এতে ভবনের ভিন্নতা পরিলক্ষিত হয়। খাজনা মওকুফের প্রমাণক প্রয়োজন।<br>২। এফডিআর এর হালনাগাদ স্টেটমেন্ট নাই।<br>২। সাধারন তহবিল স্বল্পতা রয়েছে।<br>৩। বিদ্যমান নীতিমালার পরিশিষ্ট-০৬ মোতাবেক জনাব দ্বিনা এর অভিজ্ঞতা সনদ যথাযথ নয়, জনাব সোলায়মান কবির এর শিক্ষাগত যোগ্যতা যথাযথ নয়।<br>৪। বিদ্যমান নীতিমালার পরিশিষ্ট-০৪ মোতাবেক কম্পিউটার ল্যাবের যন্ত্রপাতির স্বল্পতা রয়েছে। |
| ২. | হৃদিকা রোদেলা ট্রেনিং ইন্সটিটিউট গ্রাম/মহল্লাঃ মধ্য বালুবাড়ি, পোঃ দিনাজপুর, উপজেলাঃ সদর, জেলাঃ দিনাজপুর। | পাঠদানের জন্য আবেদন | ১। কোটার প্রাপ্যতা নাই । |
| ৩. | মডেল টেকনিক্যাল ট্রেনিং ইন্সটিটিউট, গ্রাম/মহল্লাঃ পাকুন্দিয়া(পদানীপাড়া, পোঃ পাকুন্দিয়া উপজেলাঃ পাকুন্দিয়া, জেলাঃ কিশোরগঞ্জ | পাঠদানের জন্য আবেদন | ১। মাঠ ও পুকুর মসজিদ কমিটির নিকট থেকে ভাড়া নেওয়ার স্বপক্ষে কমিটির রেজুলেশন প্রয়োজন। মাঠ, পুকুর ও ভবনের হাল নাগাদ খাজনা নাই।<br>২। লে-আউট প্ল্যানে ভবনের ২টি তলার লে-আউট প্ল্যান নাই।<br>৩। বিদ্যমান নীতিমালার পরিশিষ্ট-০৬ মোতাবেক জনাব আবুল কাশেমের অভিজ্ঞতার সনদ যথাযথ নয়, জনাব দেলোয়ার হোসাইন এর অভিজ্ঞতার সনদ নাই। |
| ৪. | কম্পিউটার ওয়ার্ল্ড গ্রাম/মহল্লাঃ পুরাতন যশোর রোড, পোঃ খুলনা-৯০০০, উপজেলাঃ খালিশপুর, জেলাঃ খুলনা। প্রতিষ্ঠান কোড-৩৫১৬২ | শিক্ষাক্রম সংযোজনের জন্য আবেদন | ১। ফাইন আর্টস, ফিজিক্যাল এডুকেশন ও কম্পিউটার টেকনোলোজির ল্যাব ও ক্লাসরুম এবং পুকুরের A4 সাইজের রঙ্গিন ছবি নাই।<br>২। ভবন ভাড়ার চুক্তি (প্রতিষ্ঠানের সংগে থাকতে হবে) যথাযথ এবং হালনাগাদ ৫ বছরের চুক্তি নাই<br>৩। প্রতিষ্ঠানের চালু কারিকুলাম এবং নতুন আবেদিত কারিকুলামের জন্য ন্যূনতম ৭৬৫০ বর্গফুট অবকাঠামো থাকতে হবে।<br>৪। নীতিমালা অনুযায়ী ভবনের প্রতিটি কক্ষের নাম এবং দৈর্ঘ ও প্রস্থ উল্লেখপূর্বক লে-আউট প্ল্যানে থাকতে হবে।<br>৫। ভবনের হাল নাগাদ খাজনা খারিজ প্রয়োজন।<br>৬। প্রতিষ্ঠানের নামে সংরক্ষিত তহবিলে ন্যূনতম ০২(দুই) লক্ষ টাকা স্থায়ী আমানত হিসেবে বিনিয়োগ এবং হালনাগাদ স্টেটমেন্ট প্রয়োজন।<br>৭। প্রতিষ্ঠানের নামে সাধারণ তহবিলে ন্যূনতম ০১(এক) লক্ষ টাকা স্থিতি থাকতে হবে এবং হালনাগাদ স্টেটমেন্ট প্রয়োজন।<br>৮। দূরত্ব সনদ নাই।<br>৯। নীতিমালার পরিশিষ্ট-১ মোতাবেক সাংগঠনিক কমিটি ও কমিটির রেজুলেশন যথাযথ নয় ।<br>১০। কমিটির সদস্যদের আয়ের উৎস ও বাৎসরিক আয়ের রেকর্ডের কপি নাই।<br>১১। জনবল এর যে তালিকা আবেদনের সাথে জমা দিয়েছে তার সাথে সংযুক্ত সনদের মিল নাই।<br>১২। ফাইন আর্টস ও ফিজিক্যাল এডুকেশন ল্যাবের যন্ত্রপাতির তালিকা নাই এবং কম্পিউটার ল্যাবের যন্ত্রপাতির তালিকা যথাযথ নয়।<br>১৩। ল্যাবের যন্ত্রপাতি এবং আসবাবপত্র ক্রয়ের ভাউচার নাই। |
| ৫. | রাফসান ইসলাম রাইয়ান প্রফেশনাল ইন্সটিটিউট গ্রাম/মহল্লাঃ মির্জাপুর, পোঃ গাজীরচর(২৩৩৬) উপজেলাঃ বাজিতপুর, জেলাঃ কিশোরগঞ্জ | পাঠদানের জন্য আবেদন | ১। প্রতিষ্ঠানের সন্মুখ ভাগের, ল্যাবের ছবি (ইজেল, ডংকিসহ) মাঠের A4 সাইজের রঙ্গিন ছবি নাই।<br>২। ভাড়ার চুক্তিতে জমির তফশিল এবং ভবনের আয়তনের উল্লেখ নাই। তফসিল অনুযায়ী খাজনা, খতিয়ানের প্রমাণক প্রয়োজন।<br>৩। ভবনের সহিত লে-আউট এর মিল নাই এবং কক্ষের দৈর্ঘ ও প্রস্থ এর উল্লেখ নাই। |

| | | | |
|---|---|---|---|
| | | | ৪। বিদ্যুৎ বিলের কপি নাই।<br>৫। বিদ্যমান নীতিমালার পরিশিষ্ট-০৬ মোতাবেক পরিচালকের অভিজ্ঞতার সনদ ও ফাইন আর্টস শিক্ষকদের অভিজ্ঞতার সনদ নাই। |
| ৬. | পিনাকল ট্রেনিং ইন্সটিটিউট<br>গ্রাম/মহল্লাঃ ১০২/১ শহীদ ফারুক সড়ক, যাত্রাবাড়ী, পোঃ ফরিদাবাদ, থানাঃ যাত্রাবাড়ী, জেলাঃ ঢাকা-১২০৪।<br>প্রতিষ্ঠান কোড-৫০৯৭৭ | শিক্ষাক্রম সংযোজনের জন্য আবেদন। | ১। প্রতিষ্ঠানের ফিজিক্যাল এডুকেশন, ফাইন আর্টস ল্যাব, ক্লাস রুম, মাঠ ও পুকুরের A4 সাইজের রঙ্গিন ছবি নাই।<br>২। ভবন ভাড়ার চুক্তি নামার (হালনাগাদ ৫বছর মেয়াদি প্রয়োজন) সাথে খাজনা খতিয়ানের মিল নাই।<br>৩। FDR এর হাল নাগাদ ব্যাংক স্টেটমেন্ট নাই।<br>৪। দূরত্ব সনদ আঞ্চলিক নির্বাহী অফিসার প্রদত্ত নাই।<br>৫। মূল অঙ্গীকারনামায় প্রতি পাতায় স্বাক্ষর নাই।<br>৬। জনবল কাঠামো অনুযায়ী তালিকা ও প্রতি ট্রেডে শিক্ষক ২জন করে সিভি, সনদ ও অভিজ্ঞতার সনদ নাই।<br>৭। যন্ত্রপাতির তালিকা সঠিকভাবে নাই। |
| ৭. | জেনুইন ফাইন আর্টস এন্ড আই সিটি ইন্সটিটিউট,<br>গ্রাম/মহল্লাঃ ফকিরপাড়া, কলেজ রোড, চাঁপাইনবাবগঞ্জ,<br>প্রতিষ্ঠান কোড-২২১২৫ | টেকনোলোজি সংযোজনের জন্য আবেদন | ১। ভবন ও মাঠের জমির মালিকানা এবং খাজনা খতিয়ানে মালিকানা ভিন্ন রয়েছে। |
| ৮. | মডেল মাইলস্টোন টেকনিক্যাল ইন্সটিটিউট<br>গ্রাম/মহল্লাঃ বান্দনাল, পোঃ বিদ্যাবল্লভ, উপজেলা/থানাঃ কেন্দুয়া, জেলাঃ নেত্রকোনা। | পাঠদানের জন্য আবেদন | অবকাঠামোর আয়তন এবং জমির পরিমাণে মিল না থাকায় না-মঞ্জুর করা হলো। |

স্বাক্ষরিত/-
(প্রকৌ. বি.এম. আমিনুল ইসলাম)
পরিদর্শক
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
ইমেইলঃ inspector@bteb.gov.bd

অধ্যক্ষ/পরিচালক
সংশ্লিষ্ট প্রতিষ্ঠান।

স্মারক নং: ৫৭.১৭.০০০০.৪০৪.০১.০০১.২৬-৮০১/৫৭৫৪(৫)

তারিখ : ০৬ আশ্বিন, ১৪৩৩ বঙ্গাব্দ
২১ সেপ্টেম্বর, ২০২৬ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে না'ও হতে পারে):

১. সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
২. পরিচালক(কারিকুলাম)/পরীক্ষা নিয়ন্ত্রক/পরিচালক(আইটিসি), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৩. সিস্টেম এনালিস্ট, বাকাশিবো, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৪. পি ও টু চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫. অফিস কপি।

২১/৯/২৬

(প্রকৌশলী মোহাম্মদ সামসুল আলম)
উপপরিদর্শক (শর্ট কোর্স)
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
ই-মেইল: engr.shams@yahoo.com